# দু'টি কবিতাঃ বিক্ষিপ্ত ছন্দ  ও অসংলগ্ন

মাহমুদা রুনু

## বিক্ষিপ্ত ছন্দ

১
হাতের কাছে সপ্নটাকে
পেয়েও হারাই
মন পবনে নাটাই সুতোয়
কল্পকলায় ঘুড়ি উড়াই ।

২
বৃষ্টিধারার দেয়াল তুলে
বন্যাবেগের প্লাবন ভেঙ্গে
এলে তুমি অনাগত
তখন ছিলেম মগন মোহিত
সৃতির ভারে অবনত ।

৩
সুদমুক্ত  লেনাদেনায় পসরা সাজায়
মনের দোকান
রাজপন্থে ক্লান্ত মানব নিত্য খোজে
অরুপ মাঝে রুপের মাকান ।

৪
এক নিমিষেই সিদ্ধহাতে
সিদ্ধান্ত সিন্ধু-সম সকল হিসেব
বিবর্তনের বর্ণচ্ছটা ছড়িয়ে দিয়ে
ঠিক পেয়ে যায় কালের নিকেষ ।

৫
নিত্য দিনের বিবর্তনে বৈচিত্রে
বিশাল বিপুল
রুপের বিত্তে বিত্তময়ী আমার শহর
নিপুন নিটোল ।
সেই তটিনি শিখিয়েছিল
ভালবাসার অন্য মানে;
এই প্রবাসের দ্বীপ নিবাসে
তারছেড়া মন
বেধেই চলে অচীন সেতু
হুতাস মনে,
আমার শহর তারই সনে ।
সুক্ষতারের সেতার তানে
বেধে রাখে বুকের মাঝে
ভালবাসার অন্য মানে ।

১১ অক্টোবর ২০০৯

## অসংলগ্ন

১
আমাকে নিরুত্তর করে তুমি
চলে গেলে বল্লাহরিনের মত
উল্লাসে,
চেয়ে রইলেম উত্তরে
হাহাকারে বয়ে যাওয়া মলয়ার
বিন্যাসে ।

২
আমার একটা বন্ধু ছিলো,
মন বাধানোর তন্ত ছিলো,
কল্প-কথার গল্প ছিলো,
গভীর সৃতির স্বস্থি ছিলো,
এক সিন্দুক আস্থা ছিলো ।

৩
এক শ্রাবনের শ্রবন বিলাস
ঝিম ধরানো বৃষ্টি
বিদ্যুতের জরীর ফিতেয়
তোমার চপল দৃষ্টি ।
আজল ভরা সজল দিঠি,
একটি কদম, দোল দোলানো
দোলনচাপার সদ্য সুবাস
সুখের জন্য যথেষ্ট তা
পরম পাওয়ার সত্য নিবাস ।

৪
শব্দহীন আমি ফানুস উড়িয়ে
ধরতে গেলাম একটি খসে পরা তারা,
ক্ষনিক ভেসে জ্যোৎস্নার সমুদ্রে
অদৃশ্য, দিগন্তের অন্ত ছাড়িয়ে ।
নেই নেই কোথাও কোনখানে ---
নিরুত্তর আমি সত্য দিকহারা ।

২১ অক্টোবর ২০০৯